শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

ISO 9001, ISO 14001 & OHSAS 18001 Certified

মুজিববর্ষ পল্লী বিদ্যুতের সেবা বর্ষ

মুজিববর্ষেই নিশ্চিত হবে শতভাগ বিদ্যুতায়ন

# বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD


তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) পরিদপ্তর

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড,ঢাকা

নিকুঞ্জ-২,খিলক্ষেত,ঢাকা-১২২৯।

ফোন নং- ৮৯০০৫১৩

ই-মেইলঃ rebseict@gmail.com

website: www.reb.gov.bd


স্মারক নং- ২৭.১২.০০০০.১১২.০১.১০২.২১.৫৬ তারিখঃ ২৮ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ।
১১ ফেব্রুয়ারী ২০২১ খ্রিস্টাব্দ।

## বিষয়ঃ "উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ড" সংক্রান্ত উপ-কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আমজাদ হোসেন, সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন), আরইবি।

সভার স্থান : সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন) মহোদয়ের অফিস কক্ষ।

সভার তারিখ : ১১.০২.২০২১ খ্রি।

সময় : সকাল ১১:৩০ ঘটিকা।

০১। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী তথা মুজিব বর্ষের মধ্যে 'উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ড' কার্যক্রম পূর্ণাঙ্গভাবে বাস্তবায়ন সংক্রান্ত উপ-কমিটির একটি সভা সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন) মহোদয়ের সভাপতিত্বে Zoom Apps এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। সভাপতি তাঁর অফিস কক্ষে উপস্থিত এবং Zoom Apps এর মাধ্যমে সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। দেশের নন্দিত এ প্রতিষ্ঠানের মাধ্যমে মুজিববর্ষ অর্থবহভাবে উদযাপন করা সম্ভব হলে সরকারের উচ্চ পর্যায়সহ সর্বত্র সুনাম ছড়িয়ে পড়বে এবং প্রতিষ্ঠানের ভাবমূর্তি আরও উজ্জল হবে। এ লক্ষ্যে "মুজিববর্ষ-পল্লী বিদ্যুতের সেবাবর্ষ" হিসেবে যথাযথভাবে প্রতিপালন করার বিষয়ে দৃষ্টিপাত করেন । উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ডের জন্য প্রতিটি ইউনিয়নে গ্রাহক সমাবেশ করা এবং তাৎক্ষণিক সমস্যার সমাধান করা, বঙ্গবন্ধুর দর্শনের ভিত্তিতে ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতি-এর মধ্যে "ইনোভেশন প্রতিযোগিতা" এর আয়োজন করা, বৈদ্যুতিক খাতে দেশে ও বিদেশে দক্ষ জনশক্তির চাহিদা পূরণকল্পে বৈদ্যুতিক কর্মপেশায় দক্ষ জনশক্তি গড়ে তোলা, পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম বাস্তবায়ন করা, বিদ্যুৎ বিভাগ কর্তৃক আয়োজিত জাতীয় বিদ্যুৎ সপ্তাহ যথাযথভাবে পালন করা, কার্যক্ষেত্রে সফলতার জন্য বঙ্গবন্ধু Service Excellence Award প্রদান, সেরা গ্রাহক নির্বাচন করা ইত্যাদি বিষয়ের উপর তিনি গুরুত্বারোপ করেন। এছাড়া বঙ্গবন্ধুর দর্শন, জাতীয় উন্নয়নে আরইবির অবদান, অর্জন ইত্যাদি বিষয়ে তিনি আলোকপাত করেন।

০২। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরুপ সময়ভিত্তিক কর্মপরিকল্পনা গৃহীত হয়ঃ

| ক্র. নং | কার্যপরিধি/কাজের বিবরণ | করণীয় | বাস্তাবায়নকারী | মন্তব্য |
|---|---|---|---|---|
| ক) | "মুজিববর্ষ-পল্লী বিদ্যুতের সেবাবর্ষ হিসেবে যথাযথভাবে প্রতিপালন করা । | মুজিববর্ষ জুড়ে আরইবি ও পিবিএসসমূহে পল্লী বিদ্যুতের সেবাবর্ষ হিসেবে যথাযথভাবে গ্রহণ করা হয়েছে । | আরইবি/সকল পিবিএস | |
| খ) | প্রতিটি ইউনিয়নে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার পর্যায়ের কর্মকর্তাগণ উপস্থিত থেকে গ্রাহক সমাবেশ করবেন এবং তাৎক্ষণিক সমস্যার সমাধান করবেন | প্রতিটি পিবিএস এ প্রতি মাসে ১ টি করে গ্রাহক সমাবেশ করা হচ্ছে, যা "গণশুনানী" নামে পরিচিত । উক্ত গণশুনানীতে তাৎক্ষণিক সমস্যার সমাধান করার ব্যবস্থা গ্রহন করা হয় । | সকল পিবিএস | |
| গ) | গ্রাহক সেবার উৎকর্ষ সাধনে বঙ্গবন্ধুর দর্শনের ভিত্তিতে বাপবিবোর্ড এবং ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতি-এর মধ্যে "ইনোভেশন প্রতিযোগিতা" এর আয়োজন করা । | ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতি-এর মধ্যে "ইনোভেশন প্রতিযোগিতা" আয়োজন করে সেরা ৩ টি ইনোভেশন আইডিয়াকে পুরস্কৃত করা হবে। উক্ত ইনোভেশন প্রতিযোগিতা সম্পন্ন করার নিমিত্তে একটি কমিটি গঠন করা হবে । উক্ত কমিটি ইনোভেশন প্রতিযোগিতা সম্পন্ন করার জন্য আইডিয়া হান্ট, নীতিমালা ও সূচক নির্ধারণ করবে । উক্ত নীতিমালার আলোকে ইনোভেশন কার্যক্রম মূল্যায়ন করবে। | কমিটি/সকল পিবিএস | |

| ক্র. নং | কার্যপরিধি/কাজের বিবরণ | করণীয় | বাস্তাবায়নকারী | মন্তব্য |
|---|---|---|---|---|
| ঘ) | বৈদ্যুতিক খাতে দেশে ও বিদেশে দক্ষ জনশক্তির চাহিদা পূরণকল্পে বৈদ্যুতিক কর্মপেশায় দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে "মুজিববর্ষে' প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে ১০,০০০ (দশ হাজার) বেকার জনগোষ্ঠীকে মানবসম্পদে রুপান্তর করা | প্রশিক্ষণ পরিদপ্তরের মাধ্যমে ইলেক্ট্রিশিয়ান/ফ্রি ল্যান্সিং ওয়্যারিং ইন্সপেক্টর সহ বৈদ্যুতিক কর্মপেশায় দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। মুজিববর্ষ জুড়ে যা চলমান থাকবে। এতদসংক্রান্ত বিষয়ে জানুয়ারী ২০২১ পর্যন্ত মোট ৯,৫৪৪ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | প্রশিক্ষণ পরিদপ্তর/ সকল পিবিএস | |
| ঙ) | "মুজিববর্ষে বাপবিবোর্ড এবং ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতি ও এর আওতাধীন সকল অফিসের পরিস্কার-পরিচ্ছন্নতা বিষয়ে কার্যক্রম গ্রহণ এবং প্রতিযোগিতার আয়োজন করা। | মুজিব বর্ষে প্রতি মাসে আরইবির সকল দপ্তর ও পরিদপ্তরে এবং পবিসের সকল জোনাল অফিসে পরিস্কার-পরিচ্ছন্নতা অভিযান কার্যক্রম চলমান রয়েছে। ইতিমধ্যে ১ বছর এর স্থলে ১.৫ বৎসরের মালামাল কন্ডেমেশন করা হয়েছে। | আরইবির সকল দপ্তর/ সকল পিবিএস | |
| চ) | বঙ্গবন্ধুর দর্শন, জাতীয় উন্নয়নে বাপবিবোর্ডের অবদান, বাপবিবোর্ডের অর্জন বিষয়ে বিদ্যুৎ বিভাগ কর্তৃক আয়োজিত জাতীয় বিদ্যুৎ সপ্তাহ যথাযথভাবে পালন করা এবং বঙ্গবন্ধুর অবদানের বিষয়ে আলোকপাত। | বঙ্গবন্ধুর দর্শন, জাতীয় উন্নয়নে আরইবির অবদান, আরইবির অর্জন এবং বঙ্গবন্ধুর অবদানের বিষয়ে আলোকপাত করার মাধ্যমে অন্যান্য প্রতিষ্ঠানের ন্যায় প্রতি বছর কেন্দ্রীয়ভাবে জাতীয় বিদ্যুৎ সপ্তাহ যথাযথভাবে পালন করা হয়। | আরইবি/সকল পিবিএস | |
| ছ) | অংশগ্রহণমূলক সম্পাদিত কর্ম-মূল্যায়ন পদ্ধতির প্রবর্তন ও বাস্তবায়ন। বাপবিবোর্ড এবং ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতি- এর মধ্য থেকে কার্যক্ষেত্রে সফলতার জন্য বঙ্গবন্ধু Service Excellence Award প্রদান এবং প্রতিটি সমিতিতে সেবা প্রদানের ক্ষেত্রে একজন সেরা বিদ্যুৎ কর্মীকে বঙ্গবন্ধু পুরস্কার প্রদান। | অংশগ্রহণমূলক সম্পাদিত কর্ম-মূল্যায়ন পদ্ধতির প্রবর্তন ও বাস্তবায়ন করা হয়েছে। ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতি- এর মধ্য থেকে কার্যক্ষেত্রে সফলতার জন্য ৩ টি পিবিএসকে বঙ্গবন্ধু Service Excellence Award প্রদান করা হবে এবং আরইবির শুদ্ধাচার পুরস্কারের সূচকসমূহের সাথে মিল রেখে প্রতিটি সমিতিতে সেবা প্রদানের ক্ষেত্রে সেরা বিদ্যুৎ কর্মীকে বঙ্গবন্ধু পুরস্কার প্রদান করা হবে। এতদসংক্রান্ত সূচক নির্ণয় করতে হবে। সেরা বিদ্যুৎ কর্মীকে বঙ্গবন্ধু পুরস্কার প্রদান করার খসড়া সূচক সংযুক্ত করা হল। | আরইবি/ ৮০টি সমিতি | |
| জ) | জাতীয় পর্যায়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে যে ওয়েবসাইট তৈরী করা হবে তার সাথে বাপবিবোর্ড'র লিংক স্থাপন। | জাতীয় পর্যায়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে যে ওয়েবসাইট তৈরী করা হয়েছে তার সাথে আরইবির ওয়েবসাইটে লিংক স্থাপন করা হয়েছে। | আইসিটি পরিদপ্তর | |
| ঝ) | সকল সমিতিতে গ্রাহক শ্রেণি ভিত্তিক একজনকে সেরা গ্রাহক হিসেবে পুরস্কৃত করা। | মুজিব বর্ষে সকল সমিতিতে গ্রাহক শ্রেণি ভিত্তিক একজনকে সেরা গ্রাহক হিসেবে পুরস্কৃত করা হবে। এতদসংক্রান্ত বিষয়ে সেরা গ্রাহক নির্বাচনের সূচক সংযুক্ত করা হল। | সকল পিবিএস | |
| ঞ) | "One Point Service" আরো সক্রিয় এবং গ্রাহক বান্ধব করা। | মুজিব বর্ষে সমিতির সকল জোনাল/সাব-জোনাল অফিসের " One Point Service" আরো সক্রিয় এবং গ্রাহক বান্ধব করার যথাযথ ব্যবস্থা গ্রহন করা হয়েছে। | সকল পিবিএস | |
| ট) | উপ-কমিটির আহ্বায়ক প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবেন। | উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকাণ্ডের জন্য জনাব মোহাম্মদ হুমায়ূন কবির, প্রোগ্রামার (আইসিটি পরিদপ্তর) কে উপ-কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করা হয়েছে। | উপ-কমিটি | |

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

১১।২।২০২১

(মোঃ আমজাদ হোসেন)
সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন), আরইবি
ও
আহ্বায়ক, 'উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকাণ্ড'
সংক্রান্ত উপ-কমিটি।

**অনুলিপি (কার্যার্থে):**

০১। সদস্য (প্রশাসন/অর্থ/বিতরণ ও পরিচালন/সমিতি ব্যবস্থাপনা), আরইবি, ঢাকা।
০২। প্রধান প্রকৌশলী (প্রকল্প)/নির্বাহী পরিচালক/নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ), আরইবি, ঢাকা।
০৩। একান্ত সচিব, চেয়ারম্যান, আরইবি, ঢাকা।

**অনুলিপি (জ্ঞাতার্থে):**

০১। সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন), আহবায়ক, আরইবি, ঢাকা।
০২। নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব) আরইবি, ঢাকা।
০৩। প্রধান প্রকৌশলী (পওপ), আরইবি, ঢাকা।
০৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিচালন, রক্ষণাবেক্ষণ ও বিতরণ), আরইবি, ঢাকা।
০৫। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (কেঃঅঃ) পরিদপ্তর, আরইবি।
০৬। পরিচালক, প্রশিক্ষণ পরিদপ্তর, আরইবি, ঢাকা।
০৭। পরিচালক, অর্থ পরিদপ্তর, আরইবি, ঢাকা।
০৮। পরিচালক, এনার্জি অডিট এন্ড ট্যারিফ পরিদপ্তর, আরইবি, ঢাকা।
০৯। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, আরইবি, ঢাকা।
১০। পরিচালক, সম্পত্তি ও লজিস্টিক পরিদপ্তর, আরইবি, ঢাকা।
১১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গবেষণা ও উন্নয়ণ এর দপ্তর, আরইবি, ঢাকা।
১২। নির্বাহী প্রকৌশলী, নরসিংদী/মুন্সিগঞ্জ/ফরিদপুর/দিনাজপুর/বরিশাল/নওগাঁ/ UREDS(DCSD) ঢাকা (দঃ)/ UREDS (DCSD), নারায়ণগঞ্জ/ URIDS (RRKB), ঠাকুরগাঁও, আরইবি।
১৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার, নারায়ণগঞ্জ পবিস-১/ ঢাকা পবিস-৪/ ফরিদপুর পবিস/দিনাজপুর পবিস-১/ বরিশাল পবিস-২/ নওগাঁ পবিস-১।

11.02.2021

(মোহাঃ ফাহিম উদ্দিন)
সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি পরিদপ্তর)
ও
সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপ-কমিটি।

সেরা গ্রাহক নির্বাচনের ক্ষেত্রে সংশিষ্ট সংস্থা নিম্নোক্ত মূল্যায়ন সূচক বিবেচনা করবে:

| ক্রমিক নং | বিবরণ | নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| ১। | বকেয়া ছাড়া নিয়মিত বিল পরিশোধ (গত ৩ বছরের রেকর্ড) | ৫০ | |
| ২। | অনুমোদিত লোডের অতিরিক্ত ব্যবহার না করা (প্রমাণপত্র সাপেক্ষে) | ৫ | |
| ৩। | বিদ্যুৎ চুরি বন্ধে অবদান রাখা<br>(সংস্থা/কোম্পানির নিকট এরূপ রেকর্ড থাকা সাপেক্ষে) | ৫ | |
| ৪। | বিদ্যুতের তার, ট্রান্সফরমার ইত্যাদি বৈদ্যুতিক সরঞ্জাম চুরি রোধে কোন সাহসী অভিযান পরিচালনা | ৫ | |
| ৫। | বিদ্যুৎ সাশ্রী বাতি ও সরঞ্জামাদি ব্যবহার করা | ১০ | |
| ৬। | মিটার ভাল কিনা/মিটারের সীল যথাযথ আছে কিনা/মিটার গ্রাউন্ডিং যথাযথ আছে কিনা | ১০ | |
| ৭। | প্রতিষ্ঠানের বিধি ও বিধানের প্রতি শ্রদ্ধাশীল থাকা/সহযোগিতা করা | ৫ | |
| ৮। | অনলাইনে বিল পরিশোধ (গত ৬ মাসের) | ১০ | |
| | মোট | ১০০ | |

Humayun 11.02.2021
মোহাম্মদ হুমায়ুন কবির
প্রোগ্রামার, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।